গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) আধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০৭.২০- ১৪২

তারিখ: ১ আষাঢ় ১৪২৮ / ১৫ জুন ২০২১

**বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ০৭.০৬.২০২১ তারিখ অনুষ্ঠিত স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি/গৃহীত কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি আগামী ৩১.০৭.২০২১ তারিখের মধ্যে হার্ডকপি ও সফটকপি আকারে (ই-মেইল-monitor@hsd.gov.bd) নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ ইকবাল হোসেন)
উপসচিব
ফোন: ৯৫৪০৩৬২
monitor@hsd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫। অতিরিক্ত সচিব (বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭। অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। অতিরিক্ত সচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০। অতিরিক্ত সচিব (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১১। অতিরিক্ত সচিব (আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১২। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৪। মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, তোপখানা রোড, ঢাকা
১৫। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৬। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৭। যুগ্মসচিব (বাজেট) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৮। যুগ্মসচিব (পরিকল্পনা) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৯। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
২০। চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালি, ঢাকা
২১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২২। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালি, ঢাকা

**সদয় অবগতি ও কার্যার্থেঃ**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

সভাপতি : লোকমান হোসেন মিয়া, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্থান : মন্ত্রণালয় সম্মেলন কক্ষ (ভবন নং# ৩, কক্ষ নং#৩৩২)
তারিখ ও সময় : ০৭.০৬.২০২১ খ্রিঃ, সকাল: ১১:০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি সরকারি সেবা প্রতিষ্ঠানসমূহে নৈতিকতার গুরুত্ব তুলে ধরে বক্তব্য দেন। তিনি কর্তব্যনিষ্ঠা, সততা এবং জবাবদিহিতার মাধ্যমে কাজ করার জন্য সকলকে অনুরোধ করেন। তিনি কোভিড-১৯ পরিস্থিতিতে বর্তমান সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপগুলো শুদ্ধাচার চর্চার মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসমূহে বাস্তবায়ন করার তাগিদ দেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ ইকবাল হোসেন, উপসচিব (প্রশাসন-৪) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২. সভায় উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে গত ৩১.০৩.২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থবছরের ৩য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | **৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ :**<br>২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২১) প্রতিবেদনের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন আগামী ১৫ জুলাই ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহকে এ সংক্রান্ত প্রতিবেদন আগামী ৫ জুলাই ২০২১ তারিখের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগে দাখিলের আবশ্যকতা রয়েছে। সভাপতি যথাসময়ে প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণের জন্য সকলকে অনুরোধ জানান। প্রমাণকবিহীন কোন তথ্যই মন্ত্রিপরিষদের নিকট গ্রহণযোগ্য নয়। তিনি শুদ্ধাচারে স্বাস্থ্য সেবা বিভাগের অবস্থান সেরা দশে নিশ্চিত করতে আরো মনোযোগী হওয়ার জন্য সকলের প্রতি আহবান জানান। | ১. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২১) প্রতিবেদন আগামী ১৫ জুলাই ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।<br>২. অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহ তাদের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২১) প্রতিবেদন আগামী ৫ জুলাই ২০২১ তারিখের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করবে।<br>৩. প্রতিবেদনের সাথে অবশ্যই প্রমাণক প্রেরণ করতে হবে।<br>৪. শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে স্বাস্থ্য সেবা বিভাগের অবস্থান সেরা দশে নিশ্চিত করতে হবে। | প্রশাসন-৪<br>সকল অধিদপ্তর/দপ্তর |
| ২.২ | **ক) দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন :**<br>কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে ৩য় কোয়ার্টারের সুশাসন ও চাকরি সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। চতুর্থ কোয়ার্টারের প্রশিক্ষণ প্রস্তুতি চলমান রয়েছে। জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল কর্মপরিকল্পনা ২০২০- | ১. জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের সুশাসন ও চাকরি সংক্রান্ত ৪র্থ কোয়ার্টারের প্রশিক্ষণ নির্ধারিত সময়ে আয়োজন করতে হবে। | প্রশাসন-৪ |

| | | | |
|---|---|---|---|
| | ২০২১ অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের সুশাসন ও চাকরি সংক্রান্ত ৪র্থ কোয়ার্টারের প্রশিক্ষণ নির্ধারিত সময়ে আয়োজন করা বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি সংশ্লিষ্ট বিষয় দক্ষ ও পারদর্শী প্রশিক্ষকদের মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের পরামর্শ দেন। | ২. সংশ্লিষ্ট বিষয় দক্ষ ও পারদর্শী প্রশিক্ষকদের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | |
| ২.৩ | **খ) আইন/বিধি/নীতিমালা প্রণয়ন ও সংস্কার:**<br>মহাপরিচালক, ঔষধ প্রশাসন, অধিদপ্তর জানান, WHA (World Health Assembly) Resolution অনুসারে ঔষধ প্রশাসন অধিদপ্তরের pre-qualification অর্জনের নিমিত্তে pharmacovigilence, clinical trial ও lot release এর কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে বিষয়গুলো প্রস্তাবিত ঔষধ আইনে অন্তর্ভুক্ত করা হয়েছে। তবে সাময়িকভাবে কার্যক্রম পরিচালনার জন্য মন্ত্রণালয় থেকে একটি পরিপত্র জারি করা হয়েছে।<br>সভাপতি নির্ধারিত সময়ে ঔষধ আইন, ২০২০ এর খসড়া চুড়ান্ত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করেন।<br>সভাপতি বলেন, ঔষধ প্রশাসন অধিদপ্তরের ল্যাবরেটরির জিনিষ পত্র ক্রয়ের বিষয়ে WHO এর নির্দেশনার আলোকে, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর ও WHO এর মধ্যে সম্পাদিত MoUএর অনুযায়ী কার্যক্রম তরান্বিত করার কাজে সহযোগিতা করার জন্য অতিরিক্ত সচিব (পরিকল্পনা) কে দায়িত্ব প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ১. ঔষধ আইন, ২০২০ নীতিগতভাবে অনুমোদনের জন্য আগামী ৩০ জুন, ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>২. ঔষধ প্রশাসন অধিদপ্তরের ল্যাবরেটরির জিনিষপত্র ক্রয়ের বিষয়ে WHO, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর এর মধ্যে সম্পাদিত MoU এর আলোকে কার্যক্রম তরান্বিত করার কাজে অতিরিক্ত সচিব (পরিকল্পনা)-কে সহযোগিতা করার জন্য দায়িত্ব দিতে হবে। | হাসপাতাল/জনস্বাস্থ্য/ ঔষধ প্রশাসন অনুবিভাগ |
| ২.৪ | **গ) সুশাসন প্রতিষ্ঠা :**<br>কোভিডকালীন সময়ে স্বাস্থ্য সেবা বিভাগের ভাবমূর্তির আরো উন্নয়ন ঘটাতে সকল অনুবিভাগ এবং অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রেরিত উত্তম চর্চাগুলোর বাস্তবায়ন করতে হবে। সবাইকে আরো সচেতনভাবে কাজ করতে হবে যাতে দূর্নাম না ঘটে এ বিষয়ে আলোচনা হয়। | স্বাস্থ্য সেবা বিভাগের সকল অনুবিভাগ এবং অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রেরিত উত্তম চর্চাগুলোর বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। | সকল অনুবিভাগ/ অধিদপ্তর/দপ্তর |
| ২.৫ | **ঘ) ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ :**<br>**১. স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ :** স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য নিয়মিত হালনাগাদ করে ওয়বসাইটে প্রকাশ করা হচ্ছে মর্মে সভাকে জানানো হয়। মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের সাথে সমন্বয় করে সকল প্রতিষ্ঠানের ওয়েবসাইট উন্নত করতে হবে। প্রয়োজনে এটুআই এর সহযোগিতা নেওয়ার বিষয়ে আলোচনা হয়।<br>**২. GRS সেবা বক্স হালনাগাদকরণ:** GRS সেবা বক্স হালনাগাদ বিষয়ে বিষদ আলোচনা হয়। অনলাইনে প্রাপ্ত অভিযোগগুলো প্রশাসন-২ শাখা দ্রুত সমাধান করা বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য নিয়মিত হালনাগাদ করে ওয়বসাইটে প্রকাশ করতে হবে।<br><br>২.মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের সাথে সমন্বয় করে সকল প্রতিষ্ঠানের ওয়েবসাইট ডেভেলপ করতে হবে। প্রয়োজনে এটুআই এর সহযোগিতা নেওয়া যেতে পারে।<br><br>৩. GRS সেবা বক্স হালনাগাদ এবং অনলাইনে প্রাপ্ত অভিযোগগুলো দ্রুত সমাধান করতে হবে। | প্রশাসন-২ |
| ২.৬ | **ঙ) প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার :**<br>**১. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ:**<br>স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন প্রকল্পগুলো নিয়মিত পরিদর্শনের বাধ্যবাধকতা রয়েছে। পরিকল্পনা অনুবিভাগকে কর্মকর্তা মনোনয়নপূর্বক প্রকল্প (বিশেষ করে কোভিড | ১. পরিকল্পনা অনুবিভাগ কর্তৃক কর্মকর্তা মনোনয়নপূর্বক প্রকল্প (বিশেষ করে কোভিড সংক্রান্ত) পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উন্নয়ন/পরিকল্পনা অনুবিভাগ |

| | | | |
|---|---|---|---|
| | সংক্রান্ত) পরিদর্শন অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়। যুগ্মসচিব (পরিকল্পনা) জানান, প্রকল্প পরিদর্শনের নিমিত্ত ৫ জন অতিরিক্ত সচিবের নেতৃত্বে ৫টি কমিটি গঠন করা হয়েছে। পরিদর্শন কার্যক্রম অব্যাহত আছে। তিনি আরো বলেন, প্রকল্প ব্যবস্থাপনায় সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রকল্প ব্যবস্থাপনা ও প্রকল্প বাস্তবায়ন পরিদর্শন বিষয়ে সকল প্রকল্প পরিচালক ও লাইন ডাইরেক্টরদেরকে নিয়ে একটি কর্মশালা অনুষ্ঠানের প্রস্তাব করেন। সভাপতি জুলাই মাসের তৃতীয় সপ্তাহের মধ্যে এ কর্মশালাটি আয়োজনের পরামর্শ দেন। তিনি শুক্রবার ও শনিবার এ প্রকল্প পরিদর্শন করার জন্য অনুরোধ জানান। | ২. প্রকল্প ব্যবস্থাপনায় সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রকল্প ব্যবস্থাপনা ও প্রকল্প বাস্তবায়ন পরিদর্শন বিষয়ে সকল প্রকল্প পরিচালক ও লাইন ডাইরেক্টরদেরকে নিয়ে একটি কর্মশালা আয়োজন করতে হবে।<br>৩. যথাসম্ভব ছুটির দিনে (শুক্রবার ও শনিবার) প্রকল্প পরিদর্শন করতে হবে। | |
| ২.৭ | **চ) ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার :**<br>**১. ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন:** ক্রয়ক্ষেত্রে ই-টেন্ডারিং প্রক্রিয়া গ্রহণের হার সন্তোষজনক নয়। ক্রয় কার্য শতভাগ ই-টেন্ডারিংয়ের মাধ্যমে করার মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/দপ্তরকে ২০২১-২০২২ অর্থবছর হতে ই-টেন্ডার শতভাগ বাস্তবায়নের বিষয়ে আলোচনা করেন। তিনি সিপিটিইউ এর সহযোগিতায় স্বাস্থ্যসেবা বিভাগ ও আওতাধীন দপ্তর, অধিদপ্তর এর সংশ্লিষ্ট সকলকে জুলাই মাসের দ্বিতীয় সপ্তাহে প্রশিক্ষন প্রদানের পরামর্শ দেন। | ১।২০২১-২০২২ অর্থবছর হতে স্বাস্থ্য সেবা বিভাগ ও আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর শতভাগ ইজিপি বাস্তবায়ন করবে।<br><br>২। সিপিটিইউ এর সহযোগিতায় স্বাস্থ্যসেবা বিভাগ ও আওতাধীন দপ্তর, অধিদপ্তর এর সংশ্লিষ্ট সকলকে জুলাই মাসের দ্বিতীয় সপ্তাহে প্রশিক্ষন প্রদান করতে হবে। | পরিকল্পনা , উন্নয়ন ও প্রশাসন-২ |
| ২.৮ | **ছ) স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণ :**<br>**১. সিটিজেন চার্টার বাস্তবায়ন অগ্রগতি :** সিটিজেন চার্টার দ্রুত বাস্তবায়নের জন্য সকল অনুবিভাগ, অধিদপ্তর/দপ্তরকে পুনরায় অনুরোধ করা হয়।<br><br>**২. শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন:** সভাপতি শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় নিয়মিত পরিদর্শন করে প্রতিবেদন প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করবে মর্মে সকলে মতামত প্রকাশ করেন।<br><br>**৩. নথির শ্রেণি বিন্যাস ও বিনষ্টকরণ:** সভাপতি শাখা/অধিশাখাকে নথির শ্রেণিবিন্যাস করে প্রশাসন-৪ শাখাকে অবহিত করতে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, তিনি সকল শাখাকে অপ্রয়োজনীয় নথি বিনষ্ট করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। | ১. সিটিজেন চার্টার সকল অনুবিভাগ, অধিদপ্তর/দপ্তরকে দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br><br>২. শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় নিয়মিত পরিদর্শন করে প্রতিবেদন প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করতে হবে।<br><br>৩. শাখা পরিদর্শন/নথির শ্রেণি বিন্যাস/ বিনষ্ট করে প্রশাসন-৪ অধিশাখাকে অবহিত করতে হবে। | প্রশাসন-১/অধিদপ্তর/ দপ্তরসমূহ<br><br>সকল শাখা/অধিশাখা |
| ২.৯ | **জ) শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম**<br>১. কোভিড-১৯ সংক্রান্ত প্রকল্প দুটির বাস্তবায়ন অগ্রগতি : কোভিড-১৯ সংক্রান্ত প্রকল্পসহ অন্যান্য সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা নিয়মিত অনুষ্ঠানের বিষয়ে আলোচনা করা হয়। যুগ্মসচিব, (পরিকল্পনা) জানান যে, ইতোমধ্যে প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা নিয়মিতভাবে আয়োজনের পদক্ষেপ গ্রহন করা হয়েছে।<br>২. হাসপাতালসমূহে ক্রয়কৃত ভারী যন্ত্রপাতি স্থাপন পরবর্তী ব্যবহার কার্যক্রম পরিদর্শন : দেশের হাসপাতালসমূহে ভারী যন্ত্রপাতি স্থাপনের বিষয়টি মনিটরিং করার জন্য দেশের বিভিন্ন হাসপাতালে অফিস অটোমেশন কার্যক্রম শুরু করা | ১. কোভিড-১৯ সংক্রান্ত প্রকল্পসহ অন্যান্য সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা নিয়মিত করতে হবে। | হাসপাতাল/উন্নয়ন/ পরিকল্পনা অনুবিভাগ |

| | | | |
|---|---|---|---|
| | হয়েছে। এ পর্যন্ত দেশের ১০০টি হাসপাতালে অটোমেশন চালু করা হয়েছে মর্মে সভায় জানা যায়।<br><br>যুগ্মসচিব, (পরিকল্পনা) জানান, অপারেশনাল প্ল্যানের মাধ্যমে ভারী যন্ত্রপাতি ক্রয় Asset Management System নামক একটি সফট্‌ওয়্যারে এন্ট্রি করা হয়। দেশের ৪টি জেলায় ইউএসএইড এর অর্থায়নে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন Asset Management System সফট্‌ওয়্যারের পাইলটিং গত তিন বছর ধরে চলছে। কিন্তু সফট্‌ওয়্যারের পারফরমেন্স কাঙ্ক্ষিত না হওয়ার কারণে বিশ্ব ব্যাংকের DLI অর্থছাড় করতে সমস্যা হচ্ছে। তিনি Asset Management System এর সাফল্য, চ্যালেঞ্জ ও করণীয় বিষয়ে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে একটি কর্মশালা আয়োজনের প্রস্তাব করেন।<br>সভাপতি বলেন, ৯ জুন ২০২১ তারিখে আইসিটি বিষয়ক মন্ত্রী মহোদয়ের সাথে বৈঠকের পূর্বে মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী স্বাস্থ্য সেবা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে ৮ জুন ২০২১ তারিখে প্রস্তুতিমূলক সভা করবেন। উক্ত সভায় Asset Management System সফট্‌ওয়্যারের সমস্যার বিষয়টি উত্থাপন করা যেতে পারে। তাছাড়া উক্ত বিষয়ে আগামী জুলাই মাসের মধ্যে একটি কর্মশালা আয়োজনের ব্যাপারে সভাপতি একমত পোষন করেন। উক্ত বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) ও (পরিকল্পনা) কে বিষয়গুলো সমন্বয় করার দায়িত্ব প্রদান করা হয়। | ২.<br>ক) Asset Management System সফট্‌ওয়্যারের সমস্যার বিষয়টি আইসিটি মন্ত্রণালয়ের পূর্ব প্রস্তুতিমূলক সভায় উপস্থাপন করতে হবে। অতিরিক্ত সচিব (প্রশাসন) বিষয়টি সমন্বয় করবেন।<br>খ) Asset Management System সফট্‌ওয়্যারের সাফল্য, চ্যালেঞ্জ ও করণীয় বিষয়ে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে আগামী জুলাই মাসের মধ্যে একটি কর্মশালা আয়োজন করতে হবে। | |
| | **৩. ওষুধের খুচরা মূল্য ওয়েবসাইটে প্রকাশ:** এসেন্সিয়াল ড্রাগস কোম্পানি কর্তৃক উৎপাদিত ঔষধের নির্দেশকমূলক খুচরা মূল্যের হালনাগাদ তথ্য নিয়মিতভাবে ঔষধ প্রশাসন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে মর্মে জানানো হয়। এসেন্সিয়াল ড্রাগস কোম্পানির ঔষধ ক্রয় প্রক্রিয়া্য কিভাবে আরো স্বচ্ছতা বৃদ্ধি করা যায় সে বিষয়ে আলোচনা হয়। সভাপতি মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক, জেলা হাসপাতালগুলোর তত্তাবধায়ক, সিভিল সার্জনদের ঔষধ ক্রয় প্রক্রিয়ায় সম্পৃক্ত করা যায় কিনা তা খতিয়ে দেখার পরামর্শ দেন। | ৩. ক) এসেন্সিয়াল ড্রাগস কোম্পানি কর্তৃক উৎপাদিত ঔষধের নির্দেশকমূলক খুচরা মূল্যের হালনাগাদ তথ্য ঔষধ প্রশাসন অধিদপ্তরের ওয়েবসাইটে নিয়মিতভাবে প্রকাশ করতে হবে।<br><br>খ) এসেন্সিয়াল ড্রাগস কোম্পানি ঔষধ ক্রয় প্রক্রিয়ায় মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক, জেলা হাসপাতালগুলোর তত্তাবধায়ক, সিভিল সার্জনদের সম্পৃক্ত করা যায় কিনা তা খতিয়ে দেখার পরামর্শ দেন। | ঔষধ প্রশাসন অনুবিভাগ ও ঔষধ প্রশাসন অধিদপ্তর |
| | **৪. অধিদপ্তর/দপ্তরসমূহে গণশুনানি মনিটরিং:** স্বাস্থ্য অধিদপ্তর এবং নার্সি ও মিডওয়াইফারি অধিদপ্তর গণশুনানীর আয়োজন করেছে মর্মে জানানো হয়। অধিদপ্তর/দপ্তর/ সংস্থাসমূহে অনলাইনে গণশুনানি কার্যক্রম প্রশাসন-৪ অধিশাখা মনিটরিং করবে। | ৪. অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমুহে অনলাইনে গণশুনানি আয়োজন অব্যাহত রাখতে হবে। স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসন-৪ অধিশাখা এটি নিয়মিত মনিটরিং করবে। | অধিদপ্তর/দপ্তরসমূহ ও প্রশাসন-৪ |
| ২.১০ | **ঝ) কর্ম-পরিবেশ উন্নয়ন:**<br>**১. পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি:** স্বাস্থ্য সেবা বিভাগের পরিষ্কার পরিচ্ছন্নতা বিশেষ করে টয়লেটসমূহের পরিবেশ উন্নয়নে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ কাজে আউটসোর্সিং এর মাধ্যমে লোক নিয়োগ করা হয়েছে। সভাপতি শুধু স্বাস্থ্য সেবা বিভাগ নয় সরকারি হাসপাতালসহ মাঠ পর্যায়ের সকল স্বাস্থ্য | ১। স্বাস্থ্য সেবা বিভাগের পরিষ্কার পরিচ্ছন্নতা বিশেষ করে টয়লেটসমূহের পরিবেশ উন্নয়নে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন | হাসপাতাল অনুবিভাগ/প্রশাসন-২ /স্বাস্থ্য অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | সেবা প্রতিষ্ঠানে তিন শিফটে তিনজন ক্লিনার নিযুক্ত করতে পরামর্শ দেন। ক্লিনারগণ প্রতিঘন্টায় স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান পরিষ্কার করবে। পরিষ্কার পরিচ্ছন্নতার ব্যাপারে জিরো টলারেন্স নীতি অনুসরণ করতে হবে। হাসপাতাল অনুবিভাগ হতে পরিচালক, তত্ত্বাবধায়ক, সিভিল সার্জনদের পত্র মারফত স্পষ্ট বার্তাটি পৌছাতে হবে। | সরকারি হাসপাতালসহ সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে তিন শিফটে তিনজন ক্লিনার নিযুক্ত করে সার্বক্ষনিক প্রতিষ্ঠান পরিচ্ছন্ন রাখতে সংশ্লিষ্ট সকলকে পত্র দিতে হবে। | |
| ২.১১ | **শুদ্ধাচার পুরস্কার :** মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০২৭ অনুসরণপূর্বক স্বাস্থ্য সেবা বিভাগ এবং আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর ২০২০-২০২১ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয় বিস্তারিত আলোচনা হয়। | শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০১৭ অনুসরণপূর্বক স্বাস্থ্য সেবা বিভাগ এবং আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর ২০২০-২০২১ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রদান করবে। | স্বাস্থ্য সেবা বিভাগ এবং আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর |
| ২.১২ | **জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২:** সভায় আগামী অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সামান্য সংশোধনপূর্বক কর্মপরিকল্পনা সভায় অনুমোদন করা হয়। সচিব স্বাক্ষরিত পরিকল্পনাটি ৭ জুন ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করার কথা হয়। আগামী অর্থবছরের পরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে সভাপতি আগামী অর্থবছরে ক্রয় কার্য সম্পাদনের ক্যালেন্ডার তৈরি, পিএসসি ও পিআইসি সভা নিয়মিত আয়োজন, অতিরিক্ত সচিব (পরিকল্পনা) এর নেতৃত্বে একটি পিএসসি ও পিআইসি সভা মনিটরিং কমিটি গঠনসহ বেশ কিছু নির্দেশনা প্রদান করেন।<br>- | ১. নৈতিকতা কমিটি সভায় অনুমোদিত ও সচিব স্বাক্ষরিত জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ মন্ত্রিপরিষদের শুদ্ধাচার শাখায় ৭ জুন ২০২১ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।<br>২. প্রকল্পগুলো ২০২১-২০২২ অর্থবছরের ক্রয় কার্য সম্পাদনের জন্য ১৫ জুলাই ২০২১ তারিখের মধ্যে ক্যালেন্ডার তৈরি করবে।<br>৩. নিয়মিত পিএসসি ও পিআইসি সভা করবে।<br>৪. অতিরিক্ত সচিব (পরিকল্পনা) এর নেতৃত্বে একটি পিএসসি ও পিআইসি সভা মনিটরিং কমিটি থাকবে। | স্বাস্থ্য সেবা বিভাগ ও আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর |
| ২.১৩ | বিবিধ:<br>১।অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্টসহ স্বাস্থ্যসেবা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে ফিডব্যাক কর্মশালা নির্ধারিত সময়ের মধ্যে আয়োজনের বিষয়ে আলোচনা হয়।<br>২। আগামী অর্থবছরের শুরুতে স্বাস্থ্যসেবা বিভাগের '২০২১-২০২২ অর্থবছরের বাজেট ব্যবস্থাপনা' বিষয়ে স্বাস্থ্যসেবা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা ও সকল সংস্থা প্রধানদের নিয়ে যুগ্মসচিব জনাব মোঃ অলিউল্লাহ এনডিসি এর উপস্থাপনায় একটি কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। এবিষয়ে পরিকল্পনা ও বাজেট অনুবিভাগ প্রয়োজনীয় সমন্বয় করবেন। | ১। অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্টসহ স্বাস্থ্যসেবা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে নির্ধারিত সময়ের মধ্যে ফিডব্যাক কর্মশালা আয়োজন করতে হবে।<br>২। আগামী অর্থবছরের শুরুতে স্বাস্থ্যসেবা বিভাগের '২০২১-২০২২ অর্থবছরের বাজেট ব্যবস্থাপনা' বিষয়ে স্বাস্থ্যসেবা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা ও সকল সংস্থা প্রধানদের নিয়ে যুগ্মসচিব জনাব মোঃ অলিউল্লাহ এনডিসি এর উপস্থাপনায় একটি কর্মশালা আয়োজন করতে হবে। | প্রশাসন-৪<br>পরিকল্পনা ও বাজেট অনুবভাগ |

৩. এজেন্ডাভিত্তিক আলোচনা শেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

( লোকমান হোসেন মিয়া)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়